# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-১৩৭/২০২৫/১৫১৬৯

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ১৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

জামেয়া কাসেমিয়া কামিল মাদরাসা, ডাকঘর: জামেয়া কাসেমিয়া, উপজেলা: নরসিংদী, জেলা: নরসিংদী-এর কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০১-০৯-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগ নিম্নবর্ণিত শর্তে ০১-০৭-২০২৫ থেকে ৩০-০৬-২০২৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. মাদরাসার চারপাশে সীমানা প্রাচীর সৌন্দর্যবর্ধন করত: প্রতিষ্ঠানের অবকাঠামোর উন্নয়নসহ একাডেমিক কার্যক্রমকে আরও ত্বরান্বিত করতে হবে;
২. শূন্য পদে দ্রুত জনবল নিয়োগের ব্যবস্থা করে শিক্ষা উপকরণসহ সকল শিক্ষককে পাঠদানে আরও মনোযোগী হতে হবে এবং শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করার পাশাপাশি পূর্বে প্রদানকৃত শর্তসমূহ বাস্তবায়ন করতে হবে;
৩. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি শিক্ষার মানোন্নয়ন ও প্রতিষ্ঠানের উন্নয়নকল্পে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের সঙ্গে সুনির্দিষ্ট বিষয়ের ওপর মাসিক আলোচনা সভা আয়োজন করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে;
৪. মাদরাসার ঐতিহ্য অনুযায়ী হাদিস মুখস্তকরণের চর্চাকে নিয়মিত করতে হবে এবং বিভিন্ন পুরস্কার প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদেরকে এ ব্যাপারে উৎসাহিত করতে হবে;
৫. ছুটির রেজিস্টার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ছুটির আবেদনপত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
৬. আর্থিক সকল কার্যক্রম ফাইল নোটের মাধ্যমে করত: ক্যাশ-কলামনার বই, বিল ভাউচারগুলো যথাযথভাবে পূরণ ও সংরক্ষণসহ প্রতিষ্ঠানের সকল আয় ব্যয় অডিট কমিটি কর্তৃক নিরীক্ষা শেষে যথাসময়ে গভর্নিং বডির অনুমোদন নিতে হবে;
৭. ক্যাম্পাসকে পরিস্কার-পরিচ্ছন্ন রাখার পাশাপাশি ক্লাসরুমগুলোতে পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থাগ্রহণসহ পুরনো কক্ষ-দরজা-জানালাগুলো ডেকোরেশন ও প্রয়োজন অনুযায়ী মেরামত করতে হবে;
৮. হোস্টেলের ওয়াশরুমগুলো পরিস্কার-পরিচ্ছন্ন রাখার পাশাপাশি হোস্টেল ব্যবস্থা আধুনিকায়ন করতে হবে এবং হোস্টেলে অবস্থানরত শিক্ষক, শিক্ষার্থী ও স্টাফদের জন্য মানসম্মত খাবারের ব্যবস্থা করতে হবে;
৯. পরিত্যক্ত বিল্ডিংটি দ্রুত ভেঙে নতুন ভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার পাশাপাশি প্রতিষ্ঠানের বিজ্ঞানাগার ভবনটি পরিস্কার করত: আধুনিক সরঞ্জামাদিসহ ল্যাবকে আরও আধুনিকায়ন করতে হবে;
১০. শিক্ষার্থীদেরকে শতভাগ ইসলামি অনুশাসন মেনে চলতে হবে এবং মহিলা শাখার মেয়ে শিক্ষার্থীদের যাতায়াতের জন্য বিকল্প গেইটের ব্যবস্থা করতে হবে;
১১. শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দের মধ্যে সুসম্পর্ক বজায় রাখতে হবে এবং কোনো অবস্থাতে উত্তপ্ত পরিবেশ সৃষ্টি করা যাবে না;
১২. শিক্ষার্থীদের জন্য ডিজিটাল হাজিরার ব্যবস্থা করার পাশাপাশি মাদরাসার নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করতে হবে;
১৩. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

১৪/৯/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

জামেয়া কাসেমিয়া কামিল মাদরাসা
ডাকঘর: জামেয়া কাসেমিয়া, উপজেলা: নরসিংদী, জেলা: নরসিংদী।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-১৩৭/২০২৫/১৫১৬৯

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ১৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, জামেয়া কাসেমিয়া কামিল মাদরাসা, ডাকঘর: জামেয়া কাসেমিয়া, উপজেলা: নরসিংদী, জেলা: নরসিংদী।
৭. অফিস নথি।

14.09.2025
(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫